স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্কুল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে ভাদ্র বুধবার, ১৩৭২ ইং 15th Sept. 1965 | ১৮-শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seaver

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

আনন্দময়ীর আগমনে

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

গ্রাহকগণের পছন্দমত নানা-প্রকার ধুতি, শাড়ী, সার্টিং ও কোর্টিং আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস্ ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৯শে ভাদ্র বুধবার সন ১৩৭২ সাল।

## তালে তাল

—০—

আমরা "তালে তাল" নাম দিয়া প্রবন্ধ প্রকাশ করিলাম। ইহাতে অতীত ও বর্ত্তমানের বহু জ্ঞাতব্য ও নানা লোকের করণীয় ও অনুকরণীয় বিষয় জানা যাইবে।

এক শাসন-যন্ত্র পরিচালক রাজপুরুষের নিকটে সংবাদ আসিল যে অমুক স্থানে অমুক লোক গুদামে প্রচুর ময়দা ও চিনি মজুত রাখিয়া ইচ্ছামত চোরা কারবার চালাইতেছে। রাজপুরুষ চিরন্তন প্রথা অনুসারে পুলিশের উপর তদন্তের ভার দিয়া কর্ত্তব্য সম্পাদন করিলেন। পুলিশও চিরন্তন তালে তাল রাখিয়া চূড়ান্ত রিপোর্ট দাখিল করিয়া ব্যাপারের পরিসমাপ্তি ঘটালেন। এক্ষেত্রে সকলেই প্রাচীন তালে তাল রাখিয়া রুজি বাহাল রাখিলেন। অপরাধীও সুস্থ শরীরে বাহাল তবিয়তে কারবার চালাইয়া লক্ষপতি হইতে কোটিপতি হইতে চলিলেন।

অন্য শাসন-যন্ত্রের যন্ত্রী সংবাদ পাইবামাত্র সংবাদদাতাকে তিরস্কার করিয়া বিদায় করিলেন। সেইদিন হইতে নিত্য ক্ষৌরকর্ম্ম বন্ধ করিয়া ২০।২৫ দিনের দাড়িচুল রাখিয়া চোরা কারবারীর গদিতে উপস্থিত হইয়া মাতৃশ্রাদ্ধে চিনি ও ময়দা কালা-বাজারের দরে কিনিতে সম্মত হইলেন। পরদিন প্রত্যুষে দাড়ি চুল কামাইয়া সাঙ্গোপাঙ্গ লইয়া ব্যবসাদারের গদিতে উপস্থিত হইয়া কালাবাজারীর আদ্য-শ্রাদ্ধের ব্যবস্থা করিলেন।

দুই রাজপুরুষই তালে তাল রাখিলেন। কোন্ তালটী শ্রুতিসুখকর পাঠকগণ বিচার করুন।

—

## সুকুমারমতি বালক বালিকাগণের দেশ-প্রীতি

সহযোগী "জনমতে" প্রকাশ বহরমপুর শহরের স্কুলসমূহের ছোট ছোট ছাত্রছাত্রীরা চাইছে তাদের টিফিন বন্ধ কোরে দিয়ে সেই টাকা প্রতিরক্ষা তহবিলে পাঠাতে। প্রধান শিক্ষক শিক্ষিকার কাছে গিয়ে তাহারা বলেছে—এবার পূজোতে আমরা কম টাকাতে জামা নিয়ে প্রত্যেকে পাঁচ টাকা ক'রে দেব দেশরক্ষা-তহবিলে। তরুণ যুবকেরা চাইছে রক্তদান করতে আরও সক্রিয়ভাবে যুদ্ধের কাজে নিজেকে লাগাতে।

উপরোক্ত শপথ গ্রহণ ও মনোবলের প্রতি আমরা জঙ্গিপুর মহকুমার শহর ও মফঃস্বলের স্কুল-সমূহের ছাত্র-ছাত্রীগণের ও যুবকগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি। ইহা প্রত্যেকেরই অনুকরণীয়।

—•—

প্রত্যেক পূজা কমিটীর কর্ম্মকর্ত্তাগণ পূজায় বাহুল্য খরচা না করিয়া দেশরক্ষা তহবিলে অর্থদান করুন ইহা সকলেরই কাম্য এবং একান্ত কর্ত্তব্য।

—

## জেলা পরিষদের হাতে ভূমি রাজস্ব আদায় ও খরচের ভার

আগামী বছর থেকে পশ্চিমবঙ্গে জেলা পরিষদ-গুলি ভূমি রাজস্ব আদায় ও খরচের পূর্ণ কর্ত্তৃত্ব পাচ্ছে। শনিবার প্রদেশ কংগ্রেস কমিটির সভায় মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন রাজ্য সরকারের এই সিদ্ধান্ত ঘোষণা করেন। শ্রীসেন বলেন, জেলা পরিষদগুলির উপর ভূমিরাজস্ব আদায়ের দায়িত্ব দেওয়ার পর থেকেই মহারাষ্ট্রে ভূমিরাজস্ব খাতে আয় শতকরা প্রায় পঞ্চাশ ভাগ বেড়ে গিয়েছে।

পশ্চিমবঙ্গে বছরে ভূমিরাজস্ব বাবদ ৬ কোটি টাকা আয় হয়। মুখ্যমন্ত্রী মনে করেন, জেলা পরিষদগুলি এই টাকার মাধ্যমে গ্রাম বাংলার অনেক উন্নতি করতে পারবেন। জেলা পরিষদগুলি মোটামুটিভাবে রাজ্য উন্নয়ন পরিকল্পনাগুলির সঙ্গে সঙ্গতি রেখেই টাকাটা খরচ করবে।

জেলা পরিষদের এই নতুন দায়িত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনার জন্য মুখ্যমন্ত্রী ১৭ই সেপ্টেম্বর জেলা পরিষদ সভাপতিদের এক বৈঠক ডেকেছেন।

## অসামরিক প্রতিরক্ষার জন্যে যে সব নিয়ম পালন করা উচিত

পশ্চিমবঙ্গ সরকারের অসামরিক প্রতিরক্ষা সংস্থা প্রতি গৃহে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্যে নয় দফা নির্দেশ প্রচার করেছেন। সেগুলি হল :—

১। একটি আশ্রয় কক্ষ ঠিক করে দরকারী সরঞ্জাম রাখুন। কক্ষটি বাড়ীর ভিতরের দিকে এবং সম্ভব হলে একতলায় হওয়াই ভাল।

২। জানালার শাসির কাঁচ খুলে নিন কিংবা তার ওপর বোর্ড লাগান কিংবা তার ওপর কাপড় বা কাগজের টুকরো সেঁটে দিন।

৩। বালির বস্তা গাদা করে সাজিয়ে বিস্ফোরণ ও বোমা প্রভৃতির টুকরার আঘাত থেকে বাইরের দিকের জানালা দরজাগুলি রক্ষা করুন।

৪। আশ্রয় কক্ষে পানীয় জল, কিছু খাদ্যদ্রব্য, বেবী ফুড, প্রাথমিক চিকিৎসার বাক্স, বৈদ্যুতিক টর্চ্চ, কিছু মোমবাতি ও দেশলাই এবং সম্ভব হলে শাবল, বেলচা, দড়িও রাখুন।

৫। আশ্রয় কক্ষের মধ্যেই অথবা খুব কাছে শৌচক্রিয়ার ব্যবস্থা রাখতে হবে।

৬। আলোর উপর ঢাকা বা পর্দা ব্যবহার করুন, বাইরে থেকে আলো যেন দেখা না যায়। বাড়ীর উঠানের আলো নিভিয়ে দিন।

৭। আগুন লাগার বিপদ এড়ানর জন্য ছাদ বা চিলে কোঠায় কোন দাহ্য পদার্থ রাখবেন না। দাহ্য পদার্থের মধ্যে যেগুলি অত্যাবশ্যক, যেমন কেরোসিন, পেট্রোল প্রভৃতিও যতদূর সম্ভব সরিয়ে রাখুন।

৮। আগুন নিভোবার জন্য গামলা, টব প্রভৃতিতে জল ভরে রাখুন আর কয়েক বস্তা শুকনো বালি রেখে দিন।

৯। সিঁড়ি বা যাওয়া আসার পথকে ফাঁকা রাখুন। বিমান আক্রমণের বিপদধ্বনি শুনলে :

১। বিমান আক্রমণের সঙ্কেতধ্বনিগুলি জেনে নিন। দু' মিনিট ধরে সাইরেন বা হুটার-এ কেঁপে কেঁপে বা মাঝে মাঝে থেমে থেমে বিমান আক্রমণের সঙ্কেতধ্বনি বাজান হয়। "অল ক্লিয়ার" সঙ্কেত হোল দু' মিনিট ধরে অবিরাম ধ্বনি।

২। বিমান আক্রমণের সঙ্কেতধ্বনি হলেই পরিবারের প্রত্যেকে আশ্রয় কক্ষে চলে যাবেন এবং "অল ক্লিয়ার" ধ্বনি না শোনা পর্যন্ত সেখানে থাকবেন। দরজা জানালা ও বাইরের দেওয়ালের সামনাসামনি থাকবেন না। ভেতরের দিকের দেওয়ালের কাছে থাকুন।

৩। বিমান আক্রমণের ধ্বনির সময় যদি আপনি খোলা জায়গায় থাকেন তাহলে কাছাকাছি পাকা বাড়ী থাকলে সেখানে আশ্রয় নিন। বাড়ী না থাকলে রাস্তা ছেড়ে খোলা মাঠে চলে যান এবং মুখ নীচু করে উপুড় হয়ে শুয়ে পড়ুন। আপনার কনুই-এ ভর দিয়ে বুক মাটিতে না ঠেকিয়ে একটু উপরে রাখুন। আপনার কাছে যদি কাপড় বা সুতো থাকে তবে তা কানে পুরে দিন। না থাকলে, হাত দিয়ে কান ঢাকুন। রুমাল গুটিয়ে দাঁতের মধ্যে চেপে রাখুন। "অল ক্লিয়ার" সিগন্যাল বাজার আগে পর্যন্ত উপর দিকে চাইবেন না।

৪। বিমান আক্রমণের সঙ্কেত ধ্বনির সময় আপনি যদি কোনও গাড়ী, বাস বা ট্রাকে থাকেন তবে তা থেকে নেমে পড়ে উপরে বর্ণিত উপায় গ্রহণ করুন।

৫। সিনেমা ও থিয়েটারের প্রেক্ষাগৃহে যদি থাকেন তবে নিজের আসনেই বসে থাকুন—দৌড়ে বেরিয়ে আসার চেষ্টা করবেন না।

কে আপনার স্থানীয় ওয়ার্ডেন তা জেনে নিন, তাঁর পরামর্শ মেনে চলুন এবং তাঁকে যথাসাধ্য সহায়তা করুন। কাছাকাছি কোথায় ফার্ষ্টএড পোষ্ট আছে তা জেনে রাখুন। —প্রেস নোট

---

## পশ্চিমবঙ্গের স্বল্প সঞ্চয়

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম চার বৎসর পশ্চিমবঙ্গ স্বল্প সঞ্চয়ে ৬৮ কোটি ৭৭ লক্ষ টাকা সংগৃহীত হয়েছে। পরিকল্পনাকালে স্বল্প সঞ্চয়ে মোট ৭৭ কোটি টাকা সংগ্রহ করার লক্ষ্য স্থির করা হয়েছে। পশ্চিমবঙ্গ স্বল্প সঞ্চয়খাতে দ্বিতীয় পরিকল্পনাকালে ৪৯ কোটি ২৮ লক্ষ টাকা এবং প্রথম পরিকল্পনাকালে ৩৮ কোটি ৫৩ লক্ষ টাকা সংগৃহীত হয়।

---

## সরকারী ঘোষণা

বর্ত্তমান আপৎকালীন অবস্থায় সরকারী নির্দ্দেশ অনুযায়ী জনসাধারণকে জানান যাইতেছে যে তাঁহারা পাকিস্থান রেডিও বাজাইতে পারিবেন না। কেহ এই আদেশ অমান্য করিলে ভারতীয় নিরাপত্তা আইনমতে দণ্ডনীয় হইবেন।

---

## জয় অনিবার্য্য

আনন্দবাজার পত্রিকায় এক মহিলা লিখেছেন—

পাকিস্তানের ঔদ্ধত্যের এতদিনে যোগ্য জবাব দেওয়া হল। সরকারের সিদ্ধান্তে ভারতবর্ষের প্রতিটি মানুষ আজ গর্বিত। পাকিস্তান ভেবেছিল ভারত দুর্বল দেশ; ভারত শুধু সব সহ্যই করে যাবে, অন্যায়ের উত্তর সে দেবে না। পাকিস্তানের সেই ধারণা এবারে ভেঙে গিয়েছে। ভারতের মাটিতে থাবা বাড়াবার শাস্তি এবারে তাকে পেতেই হবে। ভারতের জননীরা আজ বীরপুত্রদের হাতে অস্ত্র তুলে দেবেন, জায়ারা আজ বীর স্বামীকে হাসিমুখে রণাঙ্গনে পাঠাবেন, ভগ্নীরা তাদের ভাইদের শত্রুনিধনে উৎসাহ দেবেন। স্বাধীনতার জন্য প্রাণের মূল্য দিতে ভারতবর্ষ আজ প্রস্তুত। জয় আমাদের অনিবার্য্য।

---

কাঞ্চনতলা হরিসভার দশম বার্ষিক

### শ্রীশ্রীদুর্গা পূজার আয় ব্যয়ের হিসাব

সন ১৩৭১ সাল

জমা—মোট চাঁদা আদায়—৫০৫·২৫, ১৩৭০ সালের উদ্বৃত্ত ৭·১৫ মোট ৫১২·৪০ পয়সা।

খরচ—প্রতিমা ৯২৲ টাকা, প্রতিমার আনুষঙ্গিক খরচ ৫·৩৭, বেদী ও মণ্ডপ নির্ম্মাণ ২০·৭৫ পয়সা, আলোকসজ্জা ৩১·৩৭, ঢাক বাদ্যাদি ৩৯৲, নরসুন্দর ও পরিচারক ২৫৲, পূজার উপকরণাদি ও আনুষঙ্গিক খরচ ২২৯·৯৬, পূজার দক্ষিণা ৩৫৲, নিরঞ্জন খরচ ৩৪৲ মোট খরচ ৫১২·৩৫ পয়সা। জমা ৫১২·৪০ খরচ ৫১২·৩৫ বাদে উদ্বৃত্ত ০·০৫ পয়সা।

শ্রীযামিনীমোহন দাশ, সম্পাদক
শ্রীশ্রীপতিভূষণ দাশ, প্রেসিডেণ্ট
শ্রীবলরাম দাশ, কোষাধ্যক্ষ।

---

অগ্নিফৌজের উদ্যোগে সার্বজনীন দুর্গোৎসবের

### আয় ব্যয়ের হিসাব

আয়—প্রাপ্ত চাঁদা ৪৬৬·২৫

ব্যয়—১। প্রতিমা নির্ম্মাণ ও পূজার বিবিধ খরচ ( বাদ্যভাণ্ড সমেত ) ২৬২·৯৭, ২। মণ্ডপ নির্ম্মাণ, মণ্ডপ সজ্জা, আলোক সজ্জা ইত্যাদি ১৭৭·০০ ৩। প্রতিমা নিরঞ্জন ৫১·০০ মোট খরচ ৪৯০·৯৭ শ্রীপার্থসারথি নাথের নিকট দেনা ২৪·৭২

শ্রীপ্রভবেন্দু গুপ্ত, সম্পাদক, পূজা-কমিটি।

---

## তহশীলদারের প্যানেল

জঙ্গিপুর মহকুমা অধস্তন ভূমি সংস্কার অফিসের জন্য তহশীলদার নিয়োগের একটি প্যানেল তৈয়ারী করা হইবে; সেই হেতু ইচ্ছুক ও সুযোগ্য প্রার্থীদের নিকট হইতে নিম্নবর্ণিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। দরখাস্তে জঙ্গিপুর মহকুমা শাসককে সম্বোধন করিয়া ২০।৯।৬৫ তারিখের মধ্যে জঙ্গিপুর মহকুমা ভূমি সংস্কার অফিসারের অফিসে পাঠাইতে হইবে এবং উক্ত তারিখের পরে কোন দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না। প্রার্থীকে নিজ হাতে নিম্নবর্ণিত ফরমে বাংলায় দরখাস্ত করিতে হইবে।

১। নাম— ২। পিতার নাম ও পূরা ঠিকানা ৩। শিক্ষাগত যোগ্যতা ৪। পূর্ব্ব অভিজ্ঞতা, থাকিলে ৫। বর্ত্তমান বয়স। ৬। তহশীলদারী কার্য্যের জন্য নিযুক্ত হইলে ৫০০ টাকা নগদ জমা দিতে ইচ্ছুক কিনা?

স্বাঃ/- আদিনাথ ভট্টাচার্য্য
মহকুমা শাসক, জঙ্গিপুর।

---

**একজন ল্যাবরেটরী এ্যাসিষ্ট্যান্ট আবশ্যক।** বেতন ৪৫৲। সেক্রেটারী, রঘুনাথগঞ্জ বহুমুখী বিদ্যালয়, পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৪৩৬৬

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)